

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 09-12-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN

---

**Foreign secretary:**

ভারতের বিদেশসচিব বিক্রম মিশ্রী আজ বাংলাদেশ সফর করবেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছাড়ার পর এই প্রথম উচ্চ পর্যায়ের ভারতীয় প্রতিনিধি সে দেশের সফরে যাচ্ছেন। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জসওয়াল জানান শ্রীমিশ্রী বাংলাদেশের বিদেশ মন্ত্রকের আধিকারিকদের সঙ্গে ঢাকায় বৈঠক করবেন। এর পাশাপাশি আরও বেশ কয়েকটি বৈঠকে তিনি অংশ নেবেন। বাংলাদেশের সংখ্যালঘুদের উপর বিশেষ করে হিন্দুদের উপর আক্রমণের ফলে যে পরিস্থিতি তৈরি হয়েছে তা প্রশমনের জন্যই আলোচনায় দুইদেশের মধ্যে কথা হবে।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ রাজস্থান ও হরিয়ানা সফরে যাবেন। রাজস্থান সফরের সময়, প্রধানমন্ত্রী মোদী জয়পুর প্রদর্শনী ও কনভেনশন সেন্টারে রাইজিং রাজস্থান গ্লোবাল সামিট 2024 এর উদ্বোধন করবেন। বিকেলে প্রধানমন্ত্রী পানিপথে বীমা সখী যোজনার সূচনা করবেন।

\*\*\*\*\*

**Prashasan Gaon Ki Ore:**

আগামী ১৯ থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত দেশের সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে জন-অভিযোগ নিষ্পত্তি এবং পরিষেবা

সরবরাহের উন্নতির জন্য দেশব্যাপী অনুষ্ঠিত হবে 'গ্রামমুখী প্রশাসন' অর্থাৎ 'প্রশাসন গাঁও কি ঠুর' প্রচারাভিযান।

এই অভিযানে ৭০০ এর অধিক জেলা শাসক অংশ নেবেন এবং আধিকারিকরা তহশিল ও পঞ্চায়েত সমিতির প্রধান কার্যালয় পরিদর্শন করবেন। জন-অভিযোগ নিষ্পত্তি ও পরিষেবা প্রদানের উন্নতির জন্য ভারত সরকার এই নিয়ে তৃতীয়বার তহশিল পর্যায়ে এ ধরনের অভিযান করবে। 'প্রশাসন গাঁও কি ঠুর' অভিযান সুশাসনের জন্য একটি জাতীয় আন্দোলন তৈরি করবে যা ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

সুশাসন সপ্তাহ ২০২৪ এর প্রস্তুতিমূলক পর্বটি আগামী ১১ ডিসেম্বর থেকে শুরু হবে চলবে ১৮ ডিসেম্বর পর্যন্ত। সুশাসন সপ্তাহ ২০২৪-এর কর্মসূচির সূচনা করতে একটি পোর্টালও আগামী ১১ ডিসেম্বর উদ্বোধন করা হবে। এই পোর্টালে জেলা শাসকরা প্রস্তুতিমূলক এবং বাস্তবায়নের পর্যায়ে তাদের সুশাসন অনুশীলন এবং ভিডিও ক্লিপ সহ কাজের অগ্রগতির খতিয়ান আপলোড করবেন।

আগামী ২৩শে ডিসেম্বর জেলা শাসকের পৌরহিত্যে প্রতিটি জেলায় জেলা পর্যায়ের নতুন উদ্ভাবন নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। কর্মশালায় সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল রূপান্তর এবং নাগরিকদের ডিজিটাল ক্ষমতায়নের লক্ষ্যে নয়া উদ্ভাবনার ওপর জোর দেওয়া হবে।

\*\*\*\*\*

**Amit Shah:**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সীমান্ত সুরক্ষা বাহিনী সাহস, বীরত্ব এবং ত্যাগের শক্তিতে ছয় দশক ধরে দেশের সীমান্ত সুরক্ষা শক্তিশালী করতে কাজ করে চলেছে। গতকাল যোধপুরে বিএসএফ-এর ৬০ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন, ১৯৬৫ সাল থেকে

বিএসএফ পূর্ব ও পশ্চিম সীমান্ত সুরক্ষিত করার জন্য অসাধারণ কাজ করেছে। সীমান্ত নিরাপত্তার পাশাপাশি বিএসএফ, অনুপ্রবেশ, জাল নোট, বামপন্থী চরমপন্থাদের প্রতিরোধ সহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করেছে।

\*\*\*\*\*

#### **State level Wongala festivals concluded:**

দুইদিন ব্যাপি রাজ্য ভিত্তিক ওয়াংগালা উৎসব গতকাল রাতে শেষ হয়েছে। মাতাবাড়ি ব্লকের নাতিনটিলাতে ১৯তম রাজ্যভিত্তিক ওয়াংগালা উৎসব অনুষ্ঠিত হয়। ওয়ানগালা উৎসবের মাধ্যমে গারো সম্প্রদায়ের মানুষেরা তাদের কুল দেবতার পূজা করেন। উৎসবে ৯টি প্রদর্শনী স্টল খোলা হয়। রাজ্যভিত্তিক ওয়ানগালা উৎসবে রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

উল্লেখ্য, অর্থমন্ত্রী প্রণজিৎ সিং রায় এই উৎসবের সূচনা করেছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন, আগরতলার মানুষ ১৯৭১-এ বাংলাদেশের দুঃসময়ে পাশে ছিলেন। এই বিষয়টি সেদেশের মানুষের ভুলে গেলে চলবে না। গতকাল আগরতলা পুর নিগমের ২১ নম্বর ওয়ার্ডে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি একথা বলেন। অনুষ্ঠানে গত তিন বছরে উন্নয়নমূলক কাজের হিসেব জনগনের কাছে তুলে ধরেন কর্পোরেটর অলক ভট্টাচার্য।

\*\*\*\*\*

#### **Woman Cricket:**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে ত্রিপুরা দ্বিতীয় ম্যাচে জয়লাভ করেছে। হরিয়ানার লাহালিতে অনুষ্ঠিত খেলায় গতকাল রাজ্যদল ১৩৫ রানের বড় ব্যবধানে পুদুচেরীকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Chess-Gold Medal:**

থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস একটি স্বর্ণ সহ দুটি পদক জয় করেছে। গতকাল রাতে মোট ৯ রাউন্ডের লড়াইয়ে আরাধ্যা ৭ পয়েন্ট স্কোর করে। ফলে দলগত বিভাগে ভারতীয় দলের সদস্য হিসেবে আরাধ্যা স্বর্ণ পদক পায়। তাছাড়া ব্যক্তিগত বিভাগে ব্রোঞ্জ পদক দখল করে।

\*\*\*\*\*

#### **Weather:**

শীতের মরশুমে পারদ ধীরে ধীরে নামতে শুরু করেছে। অবাহয়ার দপ্তর থেকে জানানো হয়েছে আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.২ ডিগ্রি সেলসিয়াস। যা গতকালের থেকে আরও ০.৩ ডিগ্রি সেলসিয়ায় কম। ভোরের দিকে ঘন কুয়াশা ছিল। পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি ও সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*